

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়  
ক্রীড়া-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.moysports.gov.bd

তারিখ: ১৬ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ  
৩১ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০০০.০৭১.১৮.০০০৩.১৯.৪৫৩

বিষয়: 'ওয়ার্ল্ড টেনিস ট্যুর জুনিয়র, জে-৩০' প্রতিযোগিতা আয়োজনের অনুমতি ও প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য বিদেশী টেনিস এসোসিয়েশনের খেলোয়াড়বৃন্দ ও কর্মকর্তাদের বাংলাদেশ সফরের সরকারী অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র: জাতীয় ক্রীড়া পরিষদের স্মারক নং- ৩৪.০৩.০০০০.০০০.০০৪.৫৫.০০০৫.২৩.২৬২; তারিখ: ২৯ জুলাই ২০২৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে আন্তর্জাতিক টেনিস ফেডারেশন (আইটিএফ) এর অনুমোদনক্রমে ও বাংলাদেশ টেনিস ফেডারেশনের ব্যবস্থাপনায় নিম্নবর্ণিত সময়সূচী অনুযায়ী বর্ণিত ভেন্যুসমূহে 'ওয়ার্ল্ড টেনিস ট্যুর জুনিয়র, জে-৩০' আন্তর্জাতিক জুনিয়র র‌্যাংকিং অনূর্ধ্ব ১৮ বছর বালক ও বালিকা গ্রুপের টেনিস প্রতিযোগিতাটি আয়োজনের অনুমতি ও উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের নিমিত্তে নিম্নবর্ণিত শর্তসমূহে ৫৮(আটান্ন) টি দেশের টেনিস এসোসিয়েশনের খেলোয়াড়বৃন্দ ও কর্মকর্তাদের অনুকূলে বাংলাদেশ সফরের সরকারী অনুমতি নির্দেশক্রমে প্রদান করা হলোঃ

ক্র: নং	প্রতিযোগিতার নাম	তারিখ	ভেন্যু
০১।	রাজশাহী ওয়ার্ল্ড টেনিস ট্যুর জুনিয়র ২০২৫; জে-৩০ রাজশাহী	০৪-১০ অক্টোবর, ২০২৫	অ্যাডভোকেট আব্দুস সালাম টেনিস কমপ্লেক্স, রাজশাহী
০২।	৩৫তম বাংলাদেশ ওয়ার্ল্ড টেনিস ট্যুর জুনিয়র ২০২৫; জে-৩০ ঢাকা	১১-১৭ অক্টোবর, ২০২৫	জাতীয় টেনিস কমপ্লেক্স, রমনা, ঢাকা

**শর্তসমূহ:**

- (ক) উক্ত প্রতিযোগিতা আয়োজনের প্রয়োজনীয় অর্থ সংশ্লিষ্ট ফেডারেশন স্পন্সরশীপের মাধ্যমে নির্বাহ করবে। এতে জাতীয় ক্রীড়া পরিষদ বা বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লেষ নেই;
- (খ) সফরকারী দলের খেলোয়াড়/কর্মকর্তাদের নামের তালিকা সফরের পূর্বেই মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা, সেগুনবাগিচা, ঢাকা এবং অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক (বিশেষ শাখা), রাজারবাগ, ঢাকা এর নিকট প্রেরণ করতে হবে;
- (গ) উক্ত প্রতিযোগিতা উপলক্ষ্যে জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থা এবং সুরক্ষা সেবা বিভাগ ভিসা অন অ্যারাইভাল এর ব্যবস্থা গ্রহণ করবে; এবং
- (ঘ) স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত নির্দেশনা ও যথাযথ স্বাস্থ্য বিধি প্রতিপালন করতে হবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

সংযুক্তি: ০১ (এক) পাতা।

৩১-০৭-২০২৫  
ফয়সাল রায়হান  
সিনিয়র সহকারী সচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জননিরাপত্তা বিভাগ।
- ২। সিনিয়র সচিব, সিনিয়র সচিব-এর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ।
- ৩। পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র সচিবের দপ্তর, পররাষ্ট্র মন্ত্রণালয়।
- ৪। ইন্সপেক্টর জেনারেল, পুলিশ মহাপরিদর্শকের কার্যালয়, পুলিশ হেডকোয়ার্টার্স।
- ৫। অতিরিক্ত আইজিপি (বিশেষ শাখা), বাংলাদেশ পুলিশ, মালিবাগ, ঢাকা (পাসপোর্টের ফটোকপি ও নামের তালিকা অবহিতকরণ)।
- ৬। মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭। মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর।
- ৮। সচিব (যুগ্মসচিব), সচিবের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ।
- ৯। বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রক, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল বা/এ, ঢাকা।
- ১০। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ১১। সাধারণ সম্পাদক, বাংলাদেশ টেনিস ফেডারেশন, ঢাকা।

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০০০.০৭১.১৮.০০০৩.১৯.৪৫৩/১ (৫)

তারিখ: ১৬ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ  
৩১ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। উপদেষ্টার একান্ত সচিব, উপদেষ্টার দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
- ২। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
- ৩। প্রোগ্রামার, আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। ব্যক্তিগত কর্মকর্তা, ক্রীড়া-১ অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
- ৫। অফিস কপি, মাস্টার কপি।



৩১-০৭-২০২৫  
ফয়সাল রায়হান  
সিনিয়র সহকারী সচিব